ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর ঠাকুরগাঁও
ISO 9001:2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd

স্মারক নং ২৭.১২.৯৪৯৪.৫২৬.০২.০০৮.১৯.৪৭৬১ তারিখঃ ০১/০৮/২০১৯ ইং।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে লোকবল নিয়োগ প্রদান/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রাক্তন মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গনের নিকট হতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

প্রার্থীর যোগ্যতাঃ

ক) বয়স সীমাঃ ২৬/০৮/২০১৯খ্রি তারিখে প্রার্থীর বয়সসীমা ৫২ (বায়ান্ন) বছর। সর্বোচ্চ ০৩ চুক্তি (০৩+০৩+০৩) ০৯ বছর বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন। বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

খ) অভিজ্ঞতাঃ আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন) বছর/০৬ (ছয়) বছর/০৯ (নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।

গ) অন্যান্য যোগ্যতাঃ প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছরের চুক্তিকালীন সময়ে প্রতি বছর প্রথম পক্ষ কর্তৃক দ্বিতীয় পক্ষের কর্ম মূল্যায়ন করা হবে।

ঘ) চুক্তির মেয়াদঃ

নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে কাজকর্ম ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট (পূর্বে না হয়ে থাকলে) এবং কর্মমূল্যায়ন সন্তোষজন বিবেচিত হলে চুক্তিকালীন সময় উর্ত্তীণ হওয়ার পর ১/২ দিন বিরতি দিয়ে পুনরায় ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। একই নিয়মে সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের পর সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে পুনরায় আরো ০৩ (তিন) বৎসর মেয়াদের জন্য চুক্তি সম্পাদন করা যেতে পারে। তবে কোন অবস্থাতেই ০৩ (তিন) মেয়াদের ০৯ (নয়) বৎসরের অধিককাল অত্র সমিতির চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না। বয়স ৫৫ বৎসর পূর্ণ হলে চুক্তির পরিসমাপ্তি হবে।

শর্তাবলীঃ

০১। আবেদন পত্র পূরন ও জমাদানঃ ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েব সাইট (www.pbs.thakurgaon.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২,ভার্সন-০১, তারিখঃ ২৭/০৪/২০১৮খ্রিঃ) A4 সাইজে কাগজ ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে আগামী ২৬/০৮/২০১৯ইং তারিখের মধ্যে জেনারেল ম্যানেজার, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি, জগন্নাথপুর, ঠাকুরগাঁও বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২) আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবেঃ জন্ম নিবন্ধনের কপি/ জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, সদ্য তোলা ০৩ (তিন) কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি, প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদপত্র" যা এজিএম (প্রশাসন/মানব সম্পদ) কর্তৃক সত্যায়িত থাকতে হবে।

বেতন ও ভাতাদিঃ নিয়োগ প্রাপ্ত প্রার্থীর চুক্তিকালীন সময়ে নিম্নোক্ত হারে বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

ক) পবিস বেতন কাঠামো- ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকা সহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রদান করা হবে।

খ) বাড়ী ভাড়া মুল বেতনের ৪০%।

গ) মাসিক বিদ্যুৎ বিল ভাতা ১৫০ ইউনিটের সমপরিমান অর্থ।

ঘ) যাতায়াত ভাতা ১০০০.০০ (এক হাজার) টাকা এবং বর্ষা মৌসুমের ০৪ মাস (জুন, জুলাই,আগষ্ট, সেপ্টেম্বর) প্রতিমাসে অতিরিক্ত ২০০.০০ (দুইশত) টাকা।

ঙ) মাসিক চিকিৎসা ভাতা ১০০০.০০ (এক হাজার) টাকা প্রদান করা হবে।

চ) নিয়মানুযায়ী মাসিক শিক্ষাভাতা (প্রযোজ্য ক্ষেত্রে প্রাপ্য হবেন)।

ছ) পবিসে চুক্তি ভিত্তিক কর্মকালীন প্রতি চুক্তি বৎসরে "উৎসব বোনাস ও বৈশাখী ভাতা" প্রাপ্য হবেন। সমিতিতে পারফরমেন্স টার্গেট এ্যাগ্রিমেন্ট (কেপিএ/পিটিএ) এর ফলাফল অনুযায়ী বোনাস/পেনাল্টি ভোগ করবেন।

জ) সন্তোষজনকভাবে চাকুরী শেষে পবিস হতে বৎসরের জন্য শেষ মূল বেতন এর ১৫% হারে সার্ভিস বেনিফিট প্রাপ্ত হবেন।

ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি
জগন্নাথপুর ঠাকুরগাঁও
ISO 9001:2015 CERTIFIED

টেলিফোন:০৫৬১-৫৩৫৭১
ইমেইল:thkpbs@gmail.com
ওয়েব:www.pbs.thakurgaon.gov.bd

অন্যান্য শর্তাবলীঃ

ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে সমিতির অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেওয়া হবে।

খ) জৈষ্ঠতা নির্ধারনের ক্ষেত্রে বাপবিবোর্ডের বোর্ড বিভাগ, সচিবালয় এর স্মারক নং-২৭.১২.০০০০.০৩০. ৩১. ৫৯৭.১৮.৩৪৮, তারিখ- ০৩ ডিসেম্বর, ২০১৮ ও মানব সম্পদ পরিদপ্তরের স্মারক নং-২৭. ১২. ০০০০. ১১০. ৫৮.০০১.১৮.৩৬২৫, তাং-১২/১১/২০১৮খ্রিঃ এর নির্দেশনা অনুসরন করা হবে।

গ) অভিজ্ঞতা সনদপত্রে উল্লিখিত প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। একাধিক পবিস-এ চাকুরী সম্পন্নকারীগনকে অবশ্যই একাধিক পবিস এ চাকুরীর "অভিজ্ঞতা সনদ" দাখিল করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ অভিজ্ঞতা অর্জনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

ঘ) ইতোপূর্বে যারা অত্র পবিসে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

ঙ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে যারা বর্তমানে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার পদে কর্মরত আছেন এবং অত্র পবিসের আবেদন জমাদানের শেষ তারিখ অর্থাৎ ২৬/০৮/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে যাদের চুক্তিকাল শেষ হবেনা তারা আবেদন করতে পারবেন না।

চ) অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী/বোর্ড পরিচালক/মহিলা বোর্ড পরিচালকগণের রক্ত সম্পর্কের কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীগণের রক্তের সম্পর্কের কেউ আবেদন করতে পারবেন না।

ছ) চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বেই কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃঙ্খলাজনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/ অপসারিত/ বরখাস্ত/ চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

জ) প্রত্যারণামূলক ভাবে স্থায়ী ঠিকানা ভূল দিলে অথবা কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণ সহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে।

ঝ) অসম্পূর্ণ/ভূল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ঞ) ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলার প্রার্থীগণ উল্লিখিত পদে আবেদন করতে পারবেন না।

ট) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালার আলোকে প্যানেল প্রস্তুত করা হবে।

ঠ) ইতোমধ্যে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন করা হবে এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল হবে।

ড) চুক্তিভিত্তিতে নিয়োগপ্রাপ্ত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কখনও কোনক্রমেই নিয়মিত হবে না।

ঢ) খামের উপর পদের নাম স্পটভাবে উল্লেখ করতে হবে।

ণ) প্রাপ্ত আবেদনপত্র বাছাইকার্য সম্পাদনের পর বর্তমান শূণ্য পদের সংখ্যা ও পরবর্তী ০১ (এক) বৎসরের সম্ভাব্য চাহিদাকৃত পদের সংখ্যার ভিত্তিতে প্যানেল প্রস্তুত করা হবে।

ত) নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(আবু আশরাফ মোঃ ছালেহ)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)
ঠাকুরগাঁও পবিস।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রযোজ্য ক্ষেত্রে নোটিশ বোর্ডে টানানোর জন্য।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর,বাপবিবো,ঢাকা।
০৩। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ), পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো, রংপুর।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ঠাকুরগাঁও।
০৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৭। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
০৯। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
১০। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....................পবিস১/২/৩/৪।
১১। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাও।
১২। ডেপুটি জেনারেল ম্যানেজার কারিগরী/পীরগঞ্জ/পঞ্চগড় জোনাল অফিস, ঠাপবিস।
১৩। এজিএম (প্রশাসন/সদস্য সেবা/ওএন্ডএম/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ইএন্ডসি), ঠাপবিস।
১৪। সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১) (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো), ঠাপবিস।
১৫। নোটিশ বোর্ড, ঠাপবিস।

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)
ঠাকুরগাঁও পবিস।

E:\TAJMIN\TAJ\JAHAN-3\200.14